

পশ্চিমবঙ্গ সামাজিক নিরীক্ষা বিভাগ  
বর্ধমান জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর, বর্ধমান

গ্রাম সম্পদ কর্মী নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে, আগামী নভেম্বর-ডিসেম্বর, ২০১৫ -এ বর্ধমান জেলার আউশগ্রাম-২, সালানপুর এবং মঙ্গলকোট ব্লকের সমস্ত গ্রামপঞ্চায়েতে জাতীয় গ্রামীণ কর্ম সুনিশ্চিতকরণ প্রকল্প (MGNREGS), ইন্দিরা আবাস যোজনা (Indira Awas Yojona) এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী (National Social Assistance Programme) কাজের সামাজিক নিরীক্ষার জন্য গ্রাম সম্পদ কর্মী (Village Resource Person) লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হইবে।

গ্রাম সম্পদ কর্মী (Village Resource Person) হিসাবে নিযুক্ত হওয়ার জন্য নিম্নলিখিত যোগ্যতামান সম্পন্ন ইচ্ছুক প্রার্থীদের নিম্নে বর্ণিত স্থানে যথা সময়ে আবেদন পত্র ও অন্যান্য নথি সহ উপস্থিত হওয়ার আবেদন জানানো যাইতেছে।

যোগ্যতামান :

ক) আবশ্যিক যোগ্যতা :

- ১। বয়স ১৮ বৎসরের উর্ধ্বে এবং গ্রামপঞ্চায়েত এলাকায় ঘুরে ঘুরে কাজ করতে সমর্থ ব্যক্তি।
- ২। নূন্যতম দশম শ্রেণী উত্তীর্ণ।
- ৩। প্রতিবেদন লেখার দক্ষতা।
- ৪। আউশগ্রাম-২, সালানপুর এবং মঙ্গলকোট ব্লকের সামাজিক নিরীক্ষার কাজে নিযুক্ত হতে হলে আবেদনকারীকে অবশ্যই সংশ্লিষ্ট ব্লকের অধিবাসী হতে হবে।
- ৫। আবেদনকারী কোনো ভাবেই নির্বাচিত জনপ্রতিনিধি ও রূপায়নকারী সংস্থার সাথে যুক্ত ব্যক্তি হবেন না।
- ৬। আবেদনকারী কোনো ভাবেই সরকারী বা বেসরকারী ক্ষেত্রে কোনো কাজে পূর্ণ সময়ের জন্য যুক্ত থাকলে বিবেচিত হবেন না।

খ) কাঙ্ক্ষিত যোগ্যতা :

- ১। পরিবারের জব কার্ড থাকলে বা আবেদনকারী জব কার্ডে কাজ করে থাকলে অগ্রাধিকার পাবেন।
- ২। মহিলা এবং অনগ্রসর শ্রেণীভুক্ত হলে অগ্রাধিকার পাবেন।
- ৩। জলবিভাজিকা ব্যবস্থাপনা কমিটি (Watershed Management Committee), ভিলেজ স্কুল কমিটি (Village School Committee), স্বনির্ভর গোষ্ঠী (Self Help Group), গ্রামস্তরে কর্মরত স্বেচ্ছাসেবী সংস্থা (Community Based Organisation), নেহেরু যুব কেন্দ্র (Nehru Yuba Kendra) এবং ভারত নির্মাণ স্বেচ্ছাসেবক (Bharat Nirman Volunteers)- দের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪। সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনকারীকে আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র দিতে হবে ( স্বপ্রত্যয়িত নকল ) :-

- ১। শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র (মার্কশীট ও সার্টিফিকেট)
- ২। বয়সের প্রমাণপত্র (মাধ্যমিকের অ্যাডমিট, সার্টিফিকেট বা জন্ম শংসাপত্র)
- ৩। স্থায়ী বাসিন্দা প্রমাণ পত্র (EPIC / AADHAR)
- ৪। তপশীলি জাতি ও উপজাতি শংসাপত্র ( প্রযোজ্য হলে )
- ৫। MGNREGS এর জব কার্ড (প্রযোজ্য হলে)
- ৬। অভিজ্ঞতা শংসাপত্র (প্রযোজ্য হলে)
- ৭। দুটি পাশপোর্ট মাপের ছবি ( একটি আবেদন পত্রের নিদিষ্ট স্থানে সাঁটিয়ে দিতে হবে )

লিখিত ও মৌখিক পরীক্ষার সময়সূচী :

ক্রমিক নং	ব্লক	তারিখ	শূণ্যপদের সংখ্যা	স্থান	সময়
১	আউশগ্রাম-২	১৭/১১/১৫ ও ১৮/১১/১৫	৭০	আউশগ্রাম-২ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ	সকাল ১০.০০ টা
২	সালানপুর	১৯/১১/১৫ ও ২০/১১/১৫	১১০	সালানপুর সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ	সকাল ১০.০০ টা
৩	মঙ্গলকোট	২৩/১১/১৫ ও ২৪/১১/১৫	১৫০	মঙ্গলকোট সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ	সকাল ১০.০০ টা

বিঃ দ্রঃ:-

- ১। নিয়োগ সংক্রান্ত ব্যাপারে বর্ধমান জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ-এর সমস্ত সিদ্ধান্ত চূড়ান্ত বিবেচিত হবে।
- ২। উক্ত নিয়োগ বলে কোনভাবেই স্থায়ী বা অস্থায়ী চাকুরির জন্য দাবী করা যাবে না।
- ৩। এই পদের জন্য কোনো নির্দিষ্ট পারিশ্রমিক নেই। পারিশ্রমিক কাজের দিন সংখ্যার সহিত সম্পর্কযুক্ত। এই নিরীক্ষা চলাকালীন দিনপ্রতি এক জন দক্ষ শ্রমিক ( MGNREGS - অনুযায়ী ) এর মজুরি অনুযায়ী পারিশ্রমিক দেওয়া হবে (সর্বাধিক ১৩ দিনের)।
- ৪। আবেদন পত্র সংশ্লিষ্ট ব্লক এবং গ্রামপঞ্চায়েত কার্যালয় সহ বর্ধমান জেলার ওয়েবসাইট ([www.bardhaman.gov.in](http://www.bardhaman.gov.in)) - এ পাওয়া যাবে।
- ৫। সমস্ত original শংসাপত্র ও নথিপত্র পরীক্ষার দিন সঙ্গে আনতে হবে।

আদেশানুসারে -

অতিরিক্ত জেলা শাসক (সামাজিক নিরীক্ষা)  
বর্ধমান জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর  
বর্ধমান।

গ্রামপঞ্চায়েত গ্রাম সম্পদ কর্মী নিয়োগের আবেদন পত্র  
জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ, বর্ধমান।

ক্রমিক সংখ্যা ( অফিসের ব্যবহারের জন্য ) :

১। আবেদনকারীর নাম (বাংলায়) :

Name in English( Block letter) :

২। পিতা /মাতা /স্বামীর নাম (বাংলায়) :

Father/Mother / Husband's name in English :

৩। লিঙ্গ :

৪। জন্ম তারিখ :

৫। আবেদন কারীর ঠিকানা :

গ্রাম :

পোস্ট অফিস :

পঞ্চায়েত :

ব্লক :

থানা :

জেলা :

পিন কোড :

৬। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা :

আবেদনকারীর  
পাসপোর্ট  
মাপের রঙ্গীন  
ছবি

পরীক্ষা	সাল	বোর্ড / বিশ্ববিদ্যালয়	মোট প্রাপ্ত নম্বর	শতকরা নম্বর
মাধ্যমিক				
উচ্চমাধ্যমিক				
স্নাতক				
অন্যান্য				

৭। অনগ্রসর শ্রেণীভুক্ত কিনা :

( থাকলে শংসাপত্রের স্বপ্রত্যায়িত নকল জমা দিতে হবে )

৮। আবেদনকারীর সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা আছে কিনা ? হ্যাঁ / না

( থাকলে শংসাপত্রের স্বপ্রত্যায়িত নকল জমা দিতে হবে )

৯। আবেদনকারীর মোবাইল নম্বর .....

১০। আবেদনকারীর ই-মেল ID (থাকলে).....

এতদ্বারা, আমি স্বজ্ঞানে ঘোষণা করছি যে, উপরোক্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সত্য। অন্যথায় আমার আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

তারিখ :

আবেদনকারীর স্বাক্ষর

স্থান :